# দিঘলিয়া উপজেলা পরিষদের ফেব্রুয়ারি/২০২৫ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

(সভা নং-৯)

সভাপতি : আরিফুল ইসলাম
প্রশাসক,
উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।
তারিখ : ২৪ ফেব্রুয়ারি ২০২৫, সোমবার
সময় : দুপুর ১২:৩০ ঘটিকা
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

(উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা পৃথক রেজিস্টারে সংরক্ষিত)

সভার শুরুতে উপস্থিত সকল সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় নিম্নরূপ বিষয়ভিত্তিক আলোচনা এবং সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | বিগত জানুয়ারি/২০২৫, মাসের সাধারণ সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতভাবে অনুমোদিত হয়। | জানুয়ারি/২০২৫ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী সর্বসম্মতভাবে অনুমোদিত। | উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০২ | উপজেলা পরিষদের আয়-ব্যয় সংক্রান্ত | উপজেলা পরিষদের আয়-ব্যয় সংক্রান্ত হিসাব সভায় উপস্থাপন: জানুয়ারি/২০২৫ মাসে উপজেলা পরিষদ কর্তৃক আয় ও ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করা হয়।<br>সর্বমোট আয়-/-<br>মোট ব্যয়- /- | উপজেলা পরিষদের আয় সংশ্লিষ্ট হিসাবে জমা নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট ক্যাশ বইসমূহ যথারীতি সংরক্ষণ করতে হবে। | প্রশাসক উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার এবং সংশ্লিষ্ট অফিস সহকারী। |
| ০৩ | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | উপজেলা প্রাণিসম্পদ অফিসার জানান যে, প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্পের আওতায় ০৮ (আট) জন সুফলভোগীদের মাঝে সাইলেস প্রযুক্তি হস্তান্তর করা হবে। এলডিডিপি প্রকল্পের আওতায় প্রডিউসার গ্রুপের ৮০ (আশি) জন খামারীদেরকে ০১ (এক) দিনের প্রশিক্ষণ দেওয়া হয়েছে। এছাড়াও পিজি গ্রুপের ০৬ (ছয়) জন খামারীদের মাঝে ০৬ টি গ্রাস কাটিং মেশিন বিতরণ করা হবে এবং সমতল ভূমিতে বসবাসরত অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর আর্থ-সামাজিক ও জীবনমানউন্নয়নের লক্ষ্যে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় ০৫(পাঁচ) জন খামারীর মাঝে ২৫০ কেজি মুরগীর খাবার বিতরণ করা হবে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি নীতিমালা অনুসরন পূর্বক দাপ্তরিক কাজ পরিচালনাসহ প্রকৃত সুফলভোগি নির্বাচনের মাধ্যমে তাদেরকে যথাযথ প্রশিক্ষন প্রদান ও উপকরণ বিতরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, দিঘলিয়া, খুলনা। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, মার্চ মাসের প্রথম সপ্তাহে জাতীয় ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন ২০২৫ অনুষ্ঠিত হবার সম্ভবনা রয়েছে। উক্ত ক্যাম্পেইনে সফলভাবে সম্পন্ন করার জন্য সকল জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট ব্যক্তিদের সার্বিক সহযোগিতা প্রদান করার জন্য সভায় অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে ভিটামিন এ ক্যাপসুল ক্যাম্পেইনে সংশ্লিষ্ট সকলকে সার্বিক সহযোগিতা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার দিঘলিয়া, খুলনা। |
| ০৫ | উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের অধীনে আড়ংঘাটা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের সামনে প্রবেশদ্বারে রাস্তায় UH&FWC এর সীমানা প্রচীরের বাইরে অবস্থিত একটা শিরিশ গাছ (রেইনট্রি) প্রাকৃতিক দূর্যোগে (ঝড়ে) UH&FWC ভবনের উপর হেলে পড়েছে এবং সীমানা প্রাচীর ক্ষতিগ্রস্থ হয়েছে। বর্তমানে ইহা খুব ঝুকিপূর্ণ অবস্থায় আছে এবং যে কোন মুহুর্তে দূর্ঘটনা ঘটে আগত মানুষের জীবন বিপন্ন হতে পারে ও ভবন ক্ষতিগ্রস্থ হতে পারে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি বিধান অনুসরণপূর্বক দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করারসহ UH&FWCসীমানা প্রচীরের বাইরের গাছের মালিককে গাছটি কেটে ফেলার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, ও চেয়ারম্যান আড়ংঘাটা ইউনিয়ন পরিষদ দিঘলিয়া, খুলনা। |
| ০৬ | উপজেলা কৃষি দপ্তর | উপজেলা কৃষি অফিসার জানান যে, ফেব্রুয়ারি/২৫ মাসে পার্টনার প্রকল্পে ০৮টি কৃষক মাঠ স্কুল (প্রতি স্কুলে ২৫X ৮ =২০০ জন কৃষক/কৃষানী) চলমান অবস্থায় আছে। খরিপ-১ মৌসুমে/ ২০২৪-২৫ অর্থবছরে কৃষি প্রণোদনার আওতায় কৃষকদের মাঝে ৩০ বিঘার গ্রীস্মকালীন মুগ ও ৬০ বিঘায় গ্রীস্মকালীন তিল বীজ ও রাসায়নিক সার বিতরণ করা হয়েছে এবং ব্রহ্মগাতী ব্লকে, দাসপাড়ায় ৫০ একর জমিতে সমলয় রাইস ট্রান্সপ্লান্টার এর মাধ্যমে চারা রোপন করা হয়েছে এবং ধানের অবস্থা খুবই ভাল। অত্র উপজেলায় নতুন জাতের বিনা বাদান-৪ জাতের সম্প্রসারণ করার জন্য বিনা, গাজীপুর হতে বীজ ক্রয় করে কৃষকের হাতে দেওয়া হয়েছে।হাইব্রিড বোরো ধানের বীজ বিতরণ করা হয়েছে। তিনি আরো বলেন ব্রহ্মগাতী ব্লকে, দাসপাড়ায় ৫০ একর জমিতে সমলয় রাইস ট্রান্সপ্লান্টার এর মাধ্যমে চারা রোপন করা হয়েছে রোপনকৃত ধানের অবস্থা ভাল। অত্র উপজেলায় নতুন জাতের বিনা বাদাম-৪ জাতের সম্প্রসারণ করার জন্য বিনা, গাজীপুর হতে বীজ ক্রয় করে কৃষকের হাতে দেওয়া হয়েছে। কৃষি অফিসের সীড স্টোরগুলো অবৈধভাবে কিছু অংশ দুবৃত্তরা দখল করে আছে, বিধায় সভায় উপজেলা কৃষি অফিসার, জানান। উপজেলা প্রশাসনের মাধ্যমে তাদের উচ্ছেদ করে কাটাতারের ব্যবস্থা করে বাউন্ডারি করা প্রয়োজন। | সভায় বিস্তারিত আলোচনান্তে রবি মৌসুমে পার্টনার প্রকল্পের মাধ্যমে মাঠ স্কুলের দ্রুত ব্যবস্থা করে কৃষক/কৃষানীদের সঠিক নিয়ম কানুন সম্পর্কিত প্রশিক্ষন প্রদান করে কৃষকের উন্নতি সাধন করাসহ অবৈধভাবে সীড স্টোরগুলোর দখলদারিত্র উচ্ছেদ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রশাসন, ও অফিসার ইন-চার্জ দিঘলিয়া, খুলনা। |
| ০৭ | উপজেলা মৎস্য দপ্তর | উপজেলা মৎস্য অফিসার জানান যে, ০১ লা নভেম্বর থেকে ৩০ জুন পর্যন্ত জাটকা সংরক্ষন অভিযান অব্যাহত আছে। তিনি বলেন পিরানহা, আফ্রিকান মাগুর কেউ ক্রয় বিক্রয় করছে কিনা তার জন্য বিভিন্ন হাট বাজারে নিয়মিত মনিটরিং করা হচ্ছে। নদী বা খালে অবৈধ জাল পাটার বিরুদ্ধে অভিযান/মোবাইল | সভায় বিস্তারিত আলোচনান্তে জাটকা সংরক্ষন অভিযান আরো জোরদাার করাসহ অত্র উপজেলার বিভিন্ন বাজারে আফ্রিকান মাগুর | উপজেলা সিনিয়র মৎস্য অফিসার, |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | কোর্ট চলমান রয়েছে। দোহার খালের খনন কাজ সম্পন্ন হয়েছে এবং নাগকাটি খালের খনন কাজ চলমান রয়েছে এছাড়া অন্যান্য দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | ক্রয় বিক্রয় সম্পর্কে খোজরেখে সেখানে তাৎক্ষনিক ভাবে মোবাইল কোর্ট পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। । | দিঘলিয়া, খুলনা। |
| ০৮ | উপজেলা যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান যে, যুব উন্নয়ন অফিস অত্র কার্যালয়ে ২০২৪-২০২৫ অর্থবছরে প্রশিক্ষণের লক্ষ্য মাত্রা অনুযায়ী যুব ও যুব মহিলাদেরকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হবে। বাজেট অনুযায়ী চলতি মাসে ০২টি ব্যাচে ৬০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের জন্য জেলা কার্যালয়ের বিভিন্ন ট্রেডের বিজ্ঞপ্তি দেয়া হয়েছে এবং বিজ্ঞপ্তি মোতাবেক বিভিন্ন ট্রেডে যুবরা প্রশিক্ষণে অংশগ্রহণ করছে। যুব ঋণ বিতরণ কার্যক্রম প্রক্রিয়াধীন আছে। চলমান ঋণ আদায় শত ভাগ তবে, খেলাপী ঋণ আদায়ের জন্য তাগাদা দেওয়া হচ্ছে। দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারী বিধি বিধান অনুসরন পূর্বক যুব ও যুব মহিলাদেরকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান এবং ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রম অব্যহত রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার দিঘলিয়া, খুলনা। |
| ০৯ | উপজেলা প্রকৌশলী দপ্তর | প্রস্তাব-১ : উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, চলতি ২০২৪-২৫ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) ও উপজেলা উন্নয়ন তহবিল এর আওতায় অত্র উপজেলাধীন গৃহীত প্রকল্পসমূহ গত ০৬/০১/২০২৫ ইং তারিখে উপজেলা যাচাই বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রকল্পসমূহ (পরিশিষ্ট-'ক' ও খ) এর প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যার অনুমোদন প্রয়োজন এবং প্রকল্পগুলোর Tender ও PIC এর মাধ্যমে বাস্তবায়ন করা হবে তারও সিদ্ধান্ত প্রয়োজন। তিনি আরও বলেন যেহেতু অর্থবছরের ৬ মাস অতিবাহিত হয়ে গেছে সেহেতু এডিপি ও. ইউডিএফ এর প্রকল্পসমূহ দ্রুত বাস্তবায়নের স্বার্থে দরপত্র আহবান ও দাখিলকৃত প্রকল্প কমিটি অনুমোদন করা প্রয়োজন (পরিশিষ্ট-'গ' ও ঘ) । | **বিস্তারিত আলোচনান্তে** পরিশিষ্ট-'ক'ও খ এর বর্ণিত প্রকল্পগুলি অনুমোদন এবং ২০২৪-২৫ অর্থবছরের **প্রকল্পগুলো দ্রুত বাস্তবায়নের স্বার্থে এলজিইডি এর খুলনা জেলার তালিকাভুক্ত হালনাগাদ নবায়নকৃত ঠিকাদারের অংশগ্রহণ নিশ্চিত পূর্বক e-GP এর মাধ্যমে সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) দরপত্র আহবানের সিদ্ধান্ত, প্রকল্প কমিটি (পরিশিষ্ট-'গ' ও ঘ) অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।** | প্রশাসক উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, দিঘলিয়া, খুলনা। |
| ১০ | উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, ফেব্রুয়ারি/২৫ মাসের ঘূনায়মান তহবিলে আদায় হয়েছে ৫,২১,০০০/- (পাঁচ লক্ষ একুশ হাজার) টাকা। অনাদায়ী টাকা আদায় করার জন্য জোর প্রচেষ্টা চালানো হচ্ছে। বারাকপুর ইউনিয়নের সুদমুক্ত প্রকল্পের অনাদায়ী টাকা আদায়ের জন্য ১ম নোটিশ করা হয়েছে। সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় ডিসেম্বর/২৪ পর্যন্ত ভাতা প্রদান করা হয়েছে। তিনি বলেন অন্যান্য কর্মসূচি সন্তষজনক ভাবে চলমান আছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি-বিধান অনুসরন পূর্বক দাপ্তরিক কর্ম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, দিঘলিয়া, খুলান। |

CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | উপজেলা মহিলা বিষয়ক দপ্তর | উপজেলা মহিলা বিষয়ক অফিসার জনান যে, ভিডব্লিউবি ২০২৩-২০২৪ চক্রের উপকারভোগীদের সঞ্চয় উত্তোলনের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। ২০২৫-২০২৬ চক্রের অবহিতকরণ সভা সম্পন্ন করা হয়েছে। তিনি বলেন মা ও শিশু সহায়তা কর্মসূচীর জানুয়ারি ২০২৫ মাসে ৫৪ জন নতুন উপকারভোগী নির্বাচন করা হয়েছে। তিনি বলেন কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে। তিনি বলেন জানুয়ারী ২০২৫ মাসে নারী নির্যাতন প্রতিরোধ সেলে কোন অভিযোগ নেই। তিনি আরো বলেন জানুয়ারী ২০২৫ মাসে ০২টি উঠান বৈঠক করা হয়েছে। ০৭ জন অসহায় মহিলাকে কাউন্সিলিং প্রদান করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি-বিধান অনুসরন পূর্বক দাপ্তরিক কর্ম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার দিঘলিয়া, খুলনা। |
| ১২ | উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর। | উপজেলা একাডেমিক সুপার ভাইজার জানান যে, ২০২৫ শিক্ষা বর্ষের বিনামূল্যে বিতরনের জন্য মাধ্যমিক এর শতকরা ৮৭% পাঠ্যপুস্তক, এবতেদায়ী মাদ্রাসার ১০০% এবং দাখিল মাদ্রাসার ৬৮% পাঠ্যপুস্তক পাওয়া গেছে। প্রাপ্ত সকল পাঠ্যপুস্তক শিক্ষাপ্রতিষ্ঠানে বিতরন করা হয়েছে এবং মাধ্যমিক বিদ্যালয়ের কোন শিক্ষক কোচিং বানিজ্যের সাথে জড়িত নাই। বিদ্যালয় চলাকালীন সময় সকাল ১০.০০টা থেকে বিকাল ৪.০০ টা পর্যন্ত বিদ্যালয়ের আসে পাশে কোন কোচিং খোলা থাকে না। | সভায় বিস্তারিত আলোচনান্তে অবশিষ্ঠ পাঠ্য পুস্তক পাওয়া পর সরকারী বিধি বিধান অনুসারে বই বিতরনসহ দাপ্তরিক কার্য পরিচালনা এবং বিদ্যালয় চলাকালিন সময়ে বিদ্যালয়ের আসে পাশের কোচিং সেন্টার বন্ধ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার দিঘলিয়া, খুলনা। |
| ১৩ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, দিঘলিয়া উপজেলায় প্রতিদিন ২ জন ডিলারের মাধ্যমে ভর্তুকী মূল্যে ও এমএস এর বিক্রি চলমান আছে। প্রতি কেজি চালের মূল্য ত্রিশ টাকা লাইনে দড়িয়ে এক জন গ্রাহক সর্বোচ্চ ৫ (পাঁচ) কেজি চাউল ক্রয় করতে পারবেন। ইহা ছাড়া ভর্তুকী মূল্যে টিসিবি খাতে ওএমএস এর চাল বিতরণ চলমান রয়েছে। খাদ্য বান্ধব কর্মসূচির মার্চ/২০২৫ ও এপ্রিল/২০২৫ মাসে বিলি বিতরণ এবং ডিলার নিয়োগ কার্যক্রম প্রক্রিয়াধীন আছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি-বিধান অনুসরন পূর্বক দাপ্তরিক কর্ম পরিচালনাসহ ভর্তুকী মূল্যের চাউল বিতরণে কোন প্রকার সমস্য সৃষ্টি না হয় সে বিষয়ে নিয়মিত মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক দিঘলিয়া, খুলনা। |
| ১৪ | চেয়ারম্যান আড়ংঘাটা ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান আড়ংঘাটা ইউনিয়ন পরিষদ জানান যে, তার ইউনিয়নে ব্যাপক বিড়ি ধানের চাষ হয়। সে ক্ষেত্রে চাষীর আশানুরূপ ফলন পায় না। সে জন্য তার ইউনিয়নে সকল বিড়ি ধান চাষীদের উপজেলা কৃষি অফিসের মাধ্যমে কৃষকদের প্রশিক্ষনের জন্য কৃষি অফিসারকে অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে আড়ংঘাটা ইউনিয়নের বিড়ি ধান চাষীদের প্রশিক্ষনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ১৫ | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদের নন গেজেটেড কোয়াটারের বনলতার নিচতলার একটি ফ্লাট বসবাসের অনুপোযোগী হয়ে পড়ায় সেই ফ্লাটটির মেরামত কাজে জানালার ফ্রেম ও গ্লাস পরিবর্তন এবং রং করন সহ ওয়াশরুম মেরামত কাজ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে নন গেজেটেড কোয়াটারের বনলতার নিচ তলার একটি ফ্লাটের মেরামত কাজ সম্পূর্ন করে উক্ত মেরামত কাজের অর্থ উপজেলা পরিষদের | প্রশাসক উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | | রাজস্ব তহবিল হতে প্রদান করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | এবং উপজেলা প্রকৌশলী দিঘলিয়া, খুলনা। |
| ১৬ | দিঘলিয়া উপজেলার হাট-বাজার ও আন্তঃইউনিয়ন খেয়াঘাটসমূহ বাংলা ১৪৩২ সালের জন্য ইজারা প্রদানের ব্যয় নির্বাহ সংক্রান্ত | (ক) সভায় উপজেলা নির্বাহী অফিসার, জানান যে, দিঘলিয়া উপজেলার ১৪৩২ সনের ১৪ টি হাট-বাজার ইজারা কার্যক্রম সম্পন্ন করার জন্য ০৪/০২/২০২৫ খ্রিঃ তারিখ হতে ইজারা কার্যক্রম শুরু করা হয়। ইজারা কার্যক্রম পরিচালনার জন্য ইজারা বিজ্ঞপ্তি পত্রিকায় ০৪/০২/২০২৫ তারিখ দৈনিক পূর্বাঞ্চল পত্রিকায় প্রকাশ করা হয়। ব্যাপক প্রচারের জন্য অত্র উপজেলার ছয়টি ইউনিয়নে ০৩ দিন ব্যাপী মাইকিং করা হয় এবং বিভিন্ন দপ্তরে বিজ্ঞপ্তি ও অন্যান্য চিঠিপত্র বিশেষ বাহক মারফত প্রেরণ করা হয়। অফিসের আনুসংঙ্গিক খরচসহ সভার পরিচালনার ব্যয় নির্বাহ সহ সর্বমোট =৫৩, ২০৩/-(তিপান্ন হাজার দুই শত তিন) টাকা ব্যয় হয়। তন্মধ্যে সময়ের খবর পত্রিকার বিল বাবদ =২৮,২০৩/- স্টেশনারী ও ফটোকপি এবং আপ্যায়ন খরচ বাবদ=২৫,০০০/- সর্বমোট = ৫৩,২০৩/-টাকা।<br>হাট-বাজার ইজারা প্রদান, ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হইতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা ২০১১ এর ২.৪ অনুচ্ছেদ মোতাবেক উপজেলা পরিষদের রাজস্ব খাত হইতে ব্যয় নির্বাহ করা যাবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>(খ) সভায় উপজেলা নির্বাহী অফিসার, জানান যে, দিঘলিয়া উপজেলার ১৪৩২ সনের ইজারা প্রদানের জন্য ৪টি আন্তঃইউনিয়ন খেয়াঘাট ইজারা কার্যক্রম সম্পন্ন করার জন্য ০৪/০২/২০২৫ খ্রিঃ তারিখ হতে ইজারা কার্যক্রম শুরু করা হয়। ইজারা কার্যক্রম পরিচালনার জন্য ইজারা বিজ্ঞপ্তি পত্রিকায় ০৪/০২/২০২৫ তারিখ দৈনিক প্রবাহ পত্রিকায় প্রকাশ করা হয়। ব্যাপক প্রচারের জন্য অত্র উপজেলার ছয়টি ইউনিয়নে ০৩ দিন ব্যাপী মাইকিং করা হয় এবং বিভিন্ন দপ্তরে বিজ্ঞপ্তি ও অন্যান্য চিঠিপত্র বিশেষ বাহক মারফত প্রেরণ করা হয়। অফিসের আনুসংঙ্গিক, মাইকিং, স্টেশনারী ফটোকপি, আপ্যায়ন খরচ বাবদ একত্রে মোট =২৫,০০০/- (পচিঁশ হাজার) টাকা লোকসমাজ পত্রিকার বিল বাবদ =২৬,৬৬৭/- (ছাব্বিশ হাজার ছয় শত সাতষট্টি) দুইটি একত্রে সর্বমোট = ৫১,৬৬৭ (একান্ন হাজার ছয় শত সাতষট্টি) টাকা<br>হস্তান্তরিত খেয়াঘাটের ইজারা ও ব্যবস্থাপনা এবং উদ্ভুত আয় বন্টন সম্পর্কে নীতিমালা ২০০৩ এর ৫ এর (ক) অনুচ্ছেদ মোতাবেক ইজারা লব্ধ আয় হতে ব্যয় দরপত্র আহ্বান সংক্রান্ত ব্যয় নির্বাহ করা এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক উপজেলা হাট-বাজার ইজারা প্রদান, ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হইতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা ২০১১ এবং হস্তান্তরিত খেয়াঘাটের ইজরা ও ব্যবস্থাপনা এবং উদ্ভুত আয় বন্টন সম্পর্কে নীতিমালা ২০০৩ এর ৫ এর (ক) অনুচ্ছেদ মোতাবেক প্রয়োজনীয় ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নির্বাহের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক, উপজেলা পরিষদ, ও উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা। |

CamScanner

## জানুয়ারি/ ২০২৫ মাসে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয়ের বিস্তারিত বিবরণ

| মাসের নাম | ব্যয়ের বিবরণ | মোট ব্যয় |
|---|---|---|
| | ০১। উপজেলা পরিষদের এক মাসের আপ্যায়ন বাবদ = ৩০,০০০/-<br>০২। উপজেলা পরিষদের এক মাসের আনুষঙ্গিক ব্যয় বাবদ= ৫,০০০/-<br>০৩। জনাব লিয়াকত আলী খান, মালী এর জানুয়ারি /২০২৪ মাসের দৈনিক মজুরী ভাতা বাবদ=১৪,৩০০/-<br>০৪। জনাব স্বপন কুমার দাস, পরিচ্ছন্ন কর্মী এর জানুয়ারি/২৪ মাসের দৈনিক মজুরী ভাতা বাবদ=১৪,৩০০/-<br>০৫। মোঃ নাজমুল ইসলাম, প্রকল্প সভাপতি, ও সদস্য দিঘলিয়া ইউনিয়ন পরিষদ, এর নামে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের সামনে গার্ড রুম নির্মান কাজের ব্যায় বিল বাবদ = ২,০০,০০০/-<br>০৬। শফিউল্লাহ এন্টারপ্রাইজ ৪৬/২, যশোর রোড, খুলনা এর উপজেলা পরিষদের জীপ গাড়ির খুচড়া যন্ত্রংশ ক্রয়ের বিল বাবদ=১২,৮২২/-<br>০৭। জনাব নীলা ষ্টীল, নিউ মার্কেট খুলনা, উপজেলা পরিষদের অফিস কক্ষের ৩টি ষ্টীলের আলমিরা, মেরামত ও ডেন্টিং পেইন্টিং ও মেরামত কাজের খরচে বিল বাবদ =২৫,০০০/-<br>০৮। জনাব নীলা ষ্টীল, নিউ মার্কেট খুলনা, উপজেলা পরিষদের অফিস কক্ষের ৩টি ষ্টীলের আলমিরা, মেরামত ও ডেন্টিং পেইন্টিং ও মেরামত কাজের খরচে বিল বাবদ =২৫,০০০/-<br>০৯। আব্দুল হামিদ, সাং- দেয়াড়া, দিঘলিয়া, খুলনা এর নামে উপজেলা পরিষদের বিভিন্ন স্থাপনা পরিস্কার পরিচ্ছন্ন এ পরিষদের ভেতরের ড্রেন পরিস্কার কাজে নিয়োজিক শ্রমিকদের মজুরি বাবদ চেক প্রদান=১৫,০০০/-<br>১০। আব্দুল হামিদ, সাং- দেয়াড়া, দিঘলিয়া, খুলনা এর নামে উপজেলা পরিষদের বিভিন্ন স্থাপনা পরিস্কার পরিচ্ছন্ন এ পরিষদের ভেতরের ড্রেন পরিস্কার কাজে নিয়োজিক শ্রমিকদের মজুরি বাবদ চেক প্রদান=১৫,০০০/-<br>১১। সৌরব, গ্রাম পুলিশ, বারাকপুর ইউনিয়ন পরিষদ, দিঘলিয়া, খুলনা এর নামে বারাকপুর ইউনিয়ন পরিষদের অভ্যন্তরে মশক নিধোন সংক্রান্ত ব্যয় বিল প্রদান=৯,৯৯০/-<br>১২। মোঃ ফজলুর রহমান, গ্রাম পুলিশ, আড়ংঘাটা ইউনিয়ন পরিষদ, দিঘলিয়া, খুলনা এর নামে আড়ংঘাটা ইউনিয়ন পরিষদের অভ্যন্তরে মশক নিধোন সংক্রান্ত ব্যয় বিল প্রদান=৯,৯৯০/-<br>১৩। কালিপদ, গ্রাম পুলিশ, গাজীরহাট ইউনিয়ন পরিষদ, দিঘলিয়া, খুলনা এর নামে গাজীরহাট ইউনিয়ন পরিষদের অভ্যন্তরে মশক নিধোন সংক্রান্ত ব্যয় বিল প্রদান=৯,৯৯০/-<br>১৪। মোঃ হাফিজুর রহমান, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর নামে উপজেলা পরিষদের ০৪ মিটারের ডিসেম্বর/২৪ মাসের বিদ্যুৎ বিল বাবদ=১৮,১৬৬/-<br>১৫। মোঃ মিজানুর রহামন, গাড়ি চালক, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর নামে জীপ গাড়ির জ্বালানী তেলের বিল প্রদান বাবদ=৮০৬২/-<br>১৬। মোঃ সাইফুল ইসলাম, দিঘলিয়া, খুলনা এর নামে উজেলা নন গেজেটেড কোয়াটার এর নিচ তলার একটি মেরামত কাজের বাবদ =২৫,০০০/-<br>১৭। মোঃ সাইফুল ইসলাম, দিঘলিয়া, খুলনা এর নামে উজেলা নন গেজেটেড কোয়াটার এর নিচ তলার একটি মেরামত কাজের বাবদ =২০,০০০/-<br>১৮। মোঃ মিজানুর রহামন, গাড়ি চালক, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর নামে জীপ গাড়ির খুচড়া যন্ত্রংশ ক্রয়ের বিল প্রদান বাবদ=২৫,০০০/-<br>১৯। মোঃ মিজানুর রহামন, গাড়ি চালক, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর নামে জীপ গাড়ির খুচড়া যন্ত্রংশ ক্রয়ের বিল প্রদান বাবদ=১৫,৮০০/-<br>২০। জনাব মোঃ রাইছুল ইসলাম, সাঁটমুদ্রাক্ষারিক- কাম- কম্পিউটার অপারেটার, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর ডিসেম্বর/২৪ মাসের সি,পি, এফ এর ১০% অর্থ প্রদান বাবদ=১,৮৮৬/- | ৫,০৪,৭৫৯/- |

CamScanner

| | |
|---|---|
| ২১। জনাব মিজানুর রহমান, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর ডিসেম্বর/২৪ মাসের সি,পি, এফ এর ১০% অর্থ প্রদান বাবদ=১,৭৫১/-<br>২২। জনাব আব্দুল হাকিম মল্লিক, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর ডিসেম্বর/২৪ মাসের সি,পি, এফ এর ১০% অর্থ প্রদান বাবদ=১,৩৫১/-<br>২৩। জনাব মোঃ হাফিজুর রহামন, অফিস সহায়ক উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর ডিসেম্বর/২৪ মাসের সি,পি, এফ এর ১০% অর্থ প্রদান বাবদ=১,৩৫১/- | |

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৩.০২.২৫

(আরিফুল ইসলাম)
প্রশাসক
উপজেলা পরিষদ
দিঘলিয়া, খুলনা।
ফোন০২৪৭৭৭৩৩৮০৫

তারিখ: ২৪.২.২০২৫ খ্রি:

স্মারকনং-০৫.৪৪.৮৭২৫.০০১.১১.০১১.২০-১৮৪

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:**

২০০১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৩। জেলা প্রশাসক, ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা।
০৪ উপপরিচালক, স্থানীয় সরকার, খুলনা।
০৫। উপজেলা ..................................................কর্মকর্তা, দিঘলিয়া, খুলনা।
০৬। চেয়ারম্যান, ......................................ইউপি (সকল), দিঘলিয়া, খুলনা।
০৭। জনাব .............................................. সদস্য, উপজেলা পরিষদ সাধারণ সভা, দিঘলিয়া, খুলনা।
০৮। উপজেলা আই.সি. টি কর্মকর্তা, দিঘলিয়া, খুলনা। বিষয়টি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

২৩.০২.২৫

(আরিফুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
দিঘলিয়া, খুলনা।
ফোন০২৪৭৭৭৩৩৮০৫